



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-২৫

শেখ হাসিনার জাদুকরি নেতৃত্বে দেশের প্রতিটি মানুষের ভাগ্য বদলে গেছে

- তথ্য ও সম্প্রচার মন্ত্রী

রাজশাহী; ২৮ শ্রাবণ (১২ আগস্ট):

তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, শেখ হাসিনার জাদুকরি নেতৃত্বে দেশের প্রতিটি মানুষের ভাগ্য বদলে গেছে। খালি পায়ের মানুষ আর দেখা যায় না। আকাশ থেকে কুঁড়ে ঘর আর দেখা যায় না। দেশের রাস্তা-ঘাট বদলে গেছে। আজকের এই বদলে যাওয়া প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে সম্ভব হয়েছে।

আজ শুক্রবার (১২ আগস্ট) দুপুরে রাজশাহীর মোহনপুর উপজেলার মোহনপুর সরকারি উচ্চ বিদ্যালয়ে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৭তম শাহাদত বার্ষিকী ও ১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষে আয়োজিত শোকসভায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন।

তথ্য ও সম্প্রচার মন্ত্রী বলেন, শেখ হাসিনা নারীর ক্ষমতায়ন করেছেন। সবক্ষেত্রে নারীরা নেতৃত্ব দিচ্ছে। এখন ইউনিয়ন পরিষদের মেম্বার, চেয়ারম্যান, সংসদ সদস্য হচ্ছেন নারীরা। আমাদের বিরোধী দলীয় নেত্রী, স্পীকার, প্রধানমন্ত্রী নারী। ১০ বছর আগে কেউ ভাবেনি যে, একজন মহিলা এসপি, ডিসি ও বিচারপতি হবে। শেখ হাসিনা মা-বোনদের হাতে ক্ষমতা দিয়েছেন।

ড. হাছান মাহমুদ বলেন, এখন প্রতিটি ইউনিয়নে ১ থেকে ২ হাজারের বেশি নারীকে নানা ধরনের ভাতা দেয়া হয়। শেখ হাসিনা ভাতা দিচ্ছেন। নারীরা মাতৃত্বকালীন ভাতা পাচ্ছে, এটা কিন্তু মা-বোনেরা দাবি করে নাই, এধরনের ভাতা ইউরোপে দেয়া হয়, আমাদের নেত্রী সেই ভাতা আমাদের দেশে প্রচলন করেছেন। ইউরোপে স্বামী পরিত্যক্তা মহিলা ভাতা নাই, আমাদের নেত্রী স্বামী পরিত্যক্তা মহিলা ভাতাও চালু করেছেন। তিনি বলেন, খালেদা জিয়াও প্রধানমন্ত্রী ছিলেন, কিন্তু ভাতা দেয় নাই।

বঙ্গবন্ধুর রক্ত পরাভব মানে না উল্লেখ করে মন্ত্রী বলেন, বঙ্গবন্ধু আপসের রাজনীতি করেন নাই। বঙ্গবন্ধু বলেছিলেন, আমি প্রধানমন্ত্রিত্ব চাই না, আমি বাংলাদেশের মানুষের অধিকার চাই। তাঁর কন্যাও আপসের রাজনীতি করে না। দেশ যেভাবে এগিয়ে গেছে, আজ তা প্রমাণিত।

রাশিয়া-ইউক্রেন যুদ্ধের কারণে পৃথিবীতে সংকট চলছে মন্তব্য করে মন্ত্রী বলেন, রাশিয়া-ইউক্রেন যুদ্ধের কারণে বিশ্বে তেলের দাম ১০০ ভাগ বেড়েছে। ৪ ডলারের এলএনজি এখন ৪২ ডলার। ভারতে ৬ মাস আগে তেলের দাম বেড়েছে। সেখানে বাংলাদেশী টাকায় প্রতিলিটার ডিজেল ১১৬ টাকা, পেট্রোল ১৩০ থেকে ১৩২ টাকা, অকটেন ১৩৫ টাকা। তিনি বলেন, এটা নিয়ে বিভ্রান্ত হওয়ার সুযোগ নাই। বিশ্ববাজারে দাম কমলে দেশেও সমন্বয় করা হবে বলে এসময় তিনি জানান।

শেখ হাসিনা ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দিয়েছেন উল্লেখ করে তিনি আরও জানান, বিশ্ব পরিস্থিতির কারণে বর্তমানে লোডশেডিং হচ্ছে। তবে নভেম্বর-ডিসেম্বর নাগাদ লোডশেডিং সমস্যা সমাধান হবে।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

বঙ্গব্যের শুরুতে মন্ত্রী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, জাতীয় চার নেতা, মুক্তিযুদ্ধের ৩০ লাখ শহিদ ও ৭৫'র ১৫ আগস্টে শহিদ বঙ্গবন্ধু পরিবারের সদস্যদের গভীর শ্রদ্ধাভরে স্মরণ করেন।

অনুষ্ঠানের প্রধান বক্তা পররাষ্ট্র প্রতিমন্ত্রী মোঃ শাহরিয়ার আলম বলেন, আজকের দিনের প্রথম ও একমাত্র কাজ হলো নীরবতা পালন করা এবং শহিদদের আত্মার মাগফেরাত কামনা করা। ৭৫'র ১৫ আগস্টে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের সদস্যদের হত্যার মাধ্যমে জাতির সঠিক ইতিহাস মুছে ফেলার চেষ্টা করা হয়েছিল।

তিনি বলেন, শেখ কামাল শুধু একজন শেখ কামাল ছিলেন না, তিনি ছিলেন বীর মুক্তিযোদ্ধা শেখ কামাল, মুক্তিবাহিনীর অন্যতম সংগঠক ছিলেন তিনি, তিনি ছিলেন মুক্তিবাহিনীর প্রধান সেনাপতি আতাউল গণি ওসমানীর এডিসি। শেখ জামাল শুধু একজন শেখ জামাল ছিলেন না, তিনি ছিলেন বাংলাদেশ সেনাবাহিনীর একজন কমিশন প্রাপ্ত অফিসার, তিনি ছিলেন বীর মুক্তিযোদ্ধা লেফটেন্যান্ট শেখ জামাল। বিএনপি-জামাত সেই ইতিহাস আমাদের জানতে দেয়নি।

শাহরিয়ার আলম বলেন, ১৫ আগস্ট বঙ্গবন্ধু হত্যার মাত্র ৭ ঘণ্টার মধ্যে পাকিস্তান খন্দকার মোস্তাকের সরকারকে স্বীকৃতি দেয়। এটা প্রমাণ করে বঙ্গবন্ধু হত্যার সঙ্গে পাকিস্তান জড়িত ছিল। তিনি বলেন, জিয়া, খালেদা, ড. ইউনুস ও পাকিস্তান একইসূত্রে গাঁথা। এদের বিরুদ্ধে লড়াই করছে শেখ হাসিনা। এরা বিভিন্ন সময়ে নানাভাবে ষড়যন্ত্র করে। এখন গুজব ছড়িয়ে জনমনে আতঙ্ক ছড়ানোর চেষ্টা করছে। আসলে বাংলাদেশকে পেছন থেকে টেনে ধরাই তাদের উদ্দেশ্য।

তিনি সবাইকে গুজবে বিশ্বাস না করার পরামর্শ দিয়ে বলেন, আমাদের কাজ সামনের দিকে তাকানো। বর্তমানে দেশের রিজার্ভ ৪২ বিলিয়ন ডলার। আমাদের রেমিটেন্সও ভাল। এবছর রপ্তানি আয় হবে ৬২ বিলিয়ন ডলার। দেশের অর্থনীতি নিয়ে অপপ্রচারকারীদের জবাব দিয়ে বলেন, বিশ্বের ১৫০ থেকে ১৭০টি দেশ দেউলিয়া হলে, তবেই বাংলাদেশের গায়ে আঁচড় লাগলেও লাগতে পারে। ২০৪১ সালের উন্নত বাংলাদেশ না হওয়া পর্যন্ত আওয়ামী লীগ ঘরে ফিরবে না বলে এ সময় তিনি জানান।

এর আগে ১৫ আগস্টে শহিদ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের সদস্যদের স্মরণে এক মিনিট নীরবতা পালন করা হয়। অনুষ্ঠান শেষে বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের সকল শহিদদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া অনুষ্ঠিত হয়।

শোকসভায় মোহনপুর উপজেলা আওয়ামী লীগের সভাপতি এ্যাড. মো. আব্দুস সালাম এর সভাপতিত্বে রাজশাহী-৩ আসনের সংসদ সদস্য মো. আয়েন উদ্দিন, কক্সবাজার-৩ আসনের সংসদ সদস্য সাইমুম সারওয়ার কমলসহ রাজশাহী মহানগর ও স্থানীয় আওয়ামী লীগের নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।

.....
তৌহিদ/আতিক/ সিকান্দার/রুহুল/২০২২/১৫.৩০ঘ.